# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৫-১০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ / ১২ মার্চ ২০২৫

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের মার্চ ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৭-০৩-২০২৫ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, দুপুর ১২:০০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

১২/৩/২৫

(মোঃ রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ........................................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ......................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ........................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৫-১০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ / ১২ মার্চ ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

(মোঃ রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/মার্চ ২০২৫

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারানীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ১৭-০৩-২০২৫ খ্রি.
সময়: ১২-০০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যদের স্বাক্ষর :

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ০১ | ডা: রণজিৎ চন্দ্র সিংহ, ULO | |
| ০২ | মোছাঃ [illegible] ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 17.03.25 |
| ০৩. | মো: আলমগীর হোসেন মুন্সী, DGM, পল্লী বিদ্যুৎ | 17.03.25 |
| ০৪. | লায়লা আরজুমান বেগম, UAO, পীরগঞ্জ | |
| ০৫ | মো: হাবিবুল ইসলাম উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | |
| ০৬. | মো: আরিফুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | 17.03.25 |
| ০৭ | মো: [illegible] | |
| ০৮. | মো: [illegible] | |
| ০৯. | [illegible] | |
| ১০. | মো: [illegible] মাকসুদ, SUFO | |
| ১১. | মির্জা আনোয়ার হোসেন V.Y.D.O | |
| ১২. | মোছা: [illegible] আক্তার উপজেলা তথ্যকেন্দ্র [illegible] | |
| ১৩ | মো: তৌহিদুল ইসলাম PIO | |
| ১৪ | C | |
| ১৫ | নির্মল চন্দ্র বর্মন - [illegible] | |
| ১৬ | মো: [illegible] হোসেন (URDO) | |
| ১৭ | মো: মেহেদী হাসান (SAE) DPHE | |
| ১৮ | সুমিত গুপ্ত, ICT officer | |
| ১৯ | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, [illegible] | |
| ২০ | মো: আসাদুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার | |
| ২১ | মো: মাহমুদুল ইসলাম -UE | |
| ২২ | ডা: মো: [illegible] UHFPO | |
| ২৩ | এস, এম, জসীম উদ্দিন, UDF | |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র মার্চ ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রকিবুল হাসান
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৭-০৩-২০২৫ খ্রিঃ

**সময়** ঃ দুপুর ১২:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'গ'**- বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৫-২০২৬

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এ উপজেলাতে আধুনিক গেট নির্মাণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদনকৃত উপজেলা গেট এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগে বরাদ্দসহ অনুমোদন প্রদানের জন্য প্রেরণ করা যেতে পারে।<br>পিপিআর অনুযায়ী টেন্ডার কমিটির সদস্যদের সম্মানি প্রদান করার বিধান রয়েছে। যা, উপজেলা রাজস্ব খাত হতে নির্বাহ করা যেতে পারে।<br>এডিপি'র জন্য কিছু প্রকল্পের চাহিদা পাওয়া গেছে (সংযুক্তি-ক)। তা অনুমোদন করা যেতে পারে।<br>উপজেলা পরিষদের অভ্যন্তরে সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যানের আবাসিক ভবনের পাশে একটি জরাজীর্ণ টিনসেড রয়েছে। এটি জরাজীর্ণ হওয়ার কারণে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায়, উক্ত জরাজীর্ণ টিনসেডটি ভেঙ্গে তার মালামাল উপজেলার গোডাউনে সংরক্ষণ করা যেতে পারে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) আধুনিক উপজেলা গেট নির্মাণ করার জন্য উপজেলা গেট এর প্রাক্কলনটি বরাদ্দসহ অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্রের মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।<br>২) টেন্ডার কমিটির সম্মানী রাজস্ব খাত হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।<br>৩) সংযুক্ত-ক মোতাবেক অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>৪) জরাজীর্ণ টিনসেডটি ভেঙ্গে তার মালামাল উপজেলার গোডাউনে সংরক্ষণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬৯১ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪,৯৫৮ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০৭৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৪৫ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪৫০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২১০ জনকে। ৩৬ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। কোটা আন্দোলন ভর্তিকৃত চিকিৎসা গ্রহণ করেছেন ২১ জন। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে ও সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,৬৩২ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৮৪৬ জন, (৩) খাবার বড়ি - ২৩,৪৯০ জন (৪) কনডম- ২,৩০৮ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৭,৯৪৮ (৬) আইইউডি- ০২ (৭) ইমপ্ল্যানন- ৮২ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৭ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৩১৩ জন (১১) ডেলিভারী (নতুন)- ১২ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১১% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় ২০২৪-২৫ অর্থ বছররে খরিপ-১ মৌসুমে ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চলমান খরিপ-১ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় ৩৫০ বিঘা জমির জন্য মুগডাল বরাদ্দ পাওয়া গেছে। যা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে বীজ- ৫ কেজি, ডিএপি সার- ১০ কেজি, এমওপি সার- ৫ কেজি জন প্রতি বিএডিসি হতে প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। ইতমধ্যে মুগডাল এর কৃষক তালিকা সম্পন্ন করা হয়েছে।<br>২০২৪-২৫ অর্থ বছররে খরিপ-১ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় ২০০০ বিঘা জমির জন্য আউশ ধান বরাদ্দ পাওয়া গেছে। যা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে বীজ- ৫ কেজি, ডিএপি সার- ১০ কেজি, এমওপি সার- ১০ কেজি জন প্রতি বিএডিসি হতে প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। কৃষক তালিকার কার্যক্রম চলমান আছে। চাষী ফসলের মাঠ পর্যায়ে কৃষি বিভাগ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। এডিপি হতে উপ-প্রকল্পের বরাদ্দ নেওয়ার অনুরোধ করা হলো।<br>উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়নে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ ২৭২<br>২। গবাদিপশুর টিকা প্রদান ঃ ৪৯৬০<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদানঃ ৬০০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদান ঃ ১৫৫৯<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদানঃ ১৩০৪২<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনাঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদানঃ ৫০<br>৮। মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)ঃ ৩৫<br>৯। উঠান বৈঠকের আয়োজনঃ ০৭<br>১০। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শনঃ ১০ | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান এ মাসে ২২ (বাইশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) কর্তৃক পালিগাঁও বিল মৎস্য অভয়াশ্রম পুন:খনন কার্যক্রম অব্যাহত রয়েছে। পুন:খননের সময় মৎস্য অভয়াশ্রম তথা মাছের যেন ক্ষতি না হয়, সেজন্য বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন সরকারি পুকুরগুলো প্রকল্পাধীন সুফলভোগীদের মাঝে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। টাঙ্গন নদীতে বিভিন্ন জায়গায় ঝোঁপ-ঝাড় ও বাঁশ দিয়ে কাঁঠা যেন স্থাপন না করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ করা হয়। উল্লেখ্য যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী, নদী-নালা, খাল-বিলে ঝোপঝাড়, বাঁশ ইত্যাদি দ্বারা কাঁঠা তৈরি করে অস্থায়ী/স্থায়ী স্থাপনার মাধ্যমে অর্থাৎ গাড়া জাল, বেড় জাল, বানা ইত্যাদি মাধ্যমে মৎস্য আহরণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষের নবম-দশম শ্রেণির বিষয় কাঠামো, প্রশ্নের ধরন, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন ও বাংলা প্রশ্নপত্রের পাঠ্যসুচি এবং ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বিষয় কাঠামো, মূল্যায়ন নির্দেশনা, নম্বর বিভাজন সংক্রান্ত দিক নির্দেশনা ইতোমধ্যে প্রতিষ্ঠান প্রধানদেরকে অবহিত করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভূক্ত শি ক্ষক কর্মচারীদের (স্কুল, কলেজ) এমপিও এর অর্থ EFT তে প্রেরণের লক্ষ্যে তথ্য সংশোধন পূর্বক ডেসবোর্ডে এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে ২০২৫ শিক্ষাবর্ষের শতভাগ বিদ্যালয়ে বই বিতরণ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা পদক-২০২৫ খ্রি গত ১৭/০২/২০২৫ খ্রি তারিখে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। প্রথম স্থান অধিকারী শিক্ষার্থীরা খ- গ্রুপের (৩য় হতে ৫ম শ্রেণি) এপ্রিল মাসে জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। অন্তঃউপজেলা প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকদের বদলী সম্পন্ন হয়েছে। বদলীর মেয়াদ ছিল ২৬ জানুয়ারি হতে ১৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ। ১৮ জন শিক্ষক সরাসরি এবং ৮ জন শিক্ষক প্রতিস্থাপন সাপেক্ষে বদলী হয়েছেন। মোট আবেদনকারী ছিল ১০৪ জন। ইউআরসি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এ প্রধান শিক্ষকদের লিডার শীপ প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ভাতা বিতরণে পূর্বের যে সফটওয়্যার ছিল তা বাতিল করে নতুন সফটওয়্যার সংযোজন হয়েছে। কাজেই নতুন সফটওয়্যারে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন হবে। তিনি এ বিষয়ে চেয়ারম্যানগণের সহযোগিতা চান। প্রতিবন্ধী জরীপ কার্যক্রম ও ক্যান্সার, কিডনী, লিভার, জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া ইত্যাদি রোগীকে ডাক্তার পরীক্ষা করতেন। ইতোমধ্যে অনেক ডাক্তার অন্যত্র চলে গেছেন। ডাক্তারের অপ্রতুলতার কারণে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার মহোদয়ের সাথে আলোচনাক্রমে প্রতি মঙ্গলবারের স্থলে মাঝে একদিন মাসের শেষ মঙ্গলবার, এসকল রোগী দেখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তিনি কমিটির সকলকে মাসের শেষ মঙ্গলবার প্রতিবন্ধী ও অন্যান্য ০৬ টি রোগের রোগীদের প্রেরণের জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল বোরো/ফলিত ২৪ : ১৪৫১.৫৯০ মে:টন, চাল আমন/২৪-২৫ : ১৯৭৩.৩৮০ মে:টন। সর্বমোট চাল ৩৪২৪.৯৭০ মে: টন, ধান আমন/২৪-২৫: ১৯৮.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩২,৪৩৪ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২৪ : ৯৩৫.১৯৫ মে:টন, চাল আমন ২৪-২৫ : ৩১৯.৯৬০ মে:টন। সর্বমোট চাল ১২৫৫.১৫৫ মে: টন ও সর্বমোট খালি বস্তা ১০,১৪০ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>১) **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের উপকারভোগী মোট ২,৫৫৮ জন। ডিসেম্বর/২০২৪ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৫-২০২৬ চক্রের কার্যক্রম চলমান রয়েছে। এখনও আবেদন শুরু হয়নি।<br>২) **মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৪-২০২৫ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই/২০২৪ হতে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ০৯ জন এবং পৌরসভায় ওয়ার্ড প্রতি ০২ জন করে মোট ১৮ জন করে ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত সর্বমোট = ৮৬৪ জন উপকারভোগী চূড়ান্ত হয়েছে।<br>৩) **মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>৪) **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জানুয়ারি/২০২৫ হতে মার্চ/২০২৫ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত ৪র্থ ব্যাচের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।<br>৫) **কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৫ হতে ৫ম (পঞ্চম) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>৬) **উঠান বৈঠক/আলোচনা সভা ঃ** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপঃ সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১. ১৫ টি প্যাকেজের ৯৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ঃ<br>ক) ৪ টি প্যাকেজের WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ১০০%।<br>খ) ১১ টি প্যাকেজের WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৭০%। (গড়ে)<br>২. ২০২৩-২৪ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ৪০ টি ৬ নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর **তারা নলকূপ** স্থাপন কাজের অগ্রগতি ৫০%। ঠিকাদার বাকি কাজ বিলম্ব করছেন।<br>৩. ২০২৪-২৫ অর্থবছরের PSWSC প্রকল্পের আওতায় ১০০ টি অগভীর **নলকূপ** স্থাপন কাজের অগ্রগতি ৮০%।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৪ টি। ইতিমধ্যে ২০২৩-২০২৪ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৫০ টি। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। বর্তমান অর্থ বছরে (২০২৩-২৪) অডিট ফি (রাজস্ব) ২৬৪৪০/- টাকা এবং সরকারি ভ্যাট ৩৯৬৬/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১১৫৬৯৬/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিস চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১১৩০৩৭৯/- টাকা এবং সার্ভিস চার্জ ৯২০২৮/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৭০%।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১,৫৬,৮৮,৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>১৪,৭০,০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেআদায়</td><td>১২,৯৯,২৩০/-</td></tr>
<tr><td>চলতিআদায়েরহার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেঋণীরসংখ্যা</td><td>৩৬</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেপ্রশিক্ষণপ্রাপ্ত</td><td>৩৩০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেআত্নকর্মি</td><td>৪৪ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬,৪২,৬২,৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৬,১৫,৭৩,৯৭৫/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫,৮৬,৪৮,২২৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯,৬০২ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>১০,১৩৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪,৮৭০ জন</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৮.৩৩</td><td>-</td><td>১২৮.৬০</td><td>১৪১.৩২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>২.০০</td><td>৬৬.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>২.০০</td><td>২১৮.৫৬</td><td>২০৫.৩০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table></td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় শাক-সবজিসহ বিভিন্ন জাতের রবি শস্য রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির (জিডিজেআইপি) অন্যান্য কার্যক্রমের মধ্যে পাঁচটি সরকারি পুকুর খননের কাজ চলমান রয়েছে, দুইটির কাজ শেষ হয়েছে এবং দক্ষিন নওপাড়া গোসালী পুকুর, বথপালিগাঁও মাৎস্য অভয়াশ্রম ও বথপালিগাঁও বিল নার্সারী পুকুর খননের জন্য উপজেলা মৎস্য দপ্তর থেকে প্রস্তাব পাওয়া গেছে। উপজেলা পরিষদেও অনুমোদন পেলে উল্লেখিত পুকুরগুলির খনন কাজ দ্রুতই শুরু হবে। তাছাড়াও উল্লেখিত প্রকল্পের আওতায় ১০ (দশ) টি এলএলপি স্থাপনের এবং ১২ (বার) টি সেচযন্ত্রের ৫৯০ মিটার সেচ নালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। সেচযন্ত্র পূর্নঃবাসন প্রকল্পের আওতায় দুইটি সেচযন্ত্রের পূর্নঃবাসন কাজ চলমান রয়েছে। চলতি মাসে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য সেচযন্ত্রগুলির অপারেটর নিয়োগ কার্যক্রম শেষ হয়েছে। এই অর্থ বছরে ইআইইসি প্রকল্পের আওতায় ০৮ (আট) টি সেচযন্ত্রের ৫০০ মিটার সেচনালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিদ্যুৎ বিল সরকারি রাজস্ব হওয়ায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকল শ্রেণীর গ্রাহককে অবহিত করা হয়েছে এবং সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চালু রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, 'উইমেন আইটি সার্ভিস প্রোভাইডার' প্রশিক্ষণ কোর্সের ০৪ (চার) টি ব্যাচের প্রশিক্ষণের ৯০ তম ক্লাশ চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। ১৩ জানুয়ারি ২০২৫ খ্রি: এ প্রশিক্ষণার্থীদের ৮০ (আশি) টি ল্যাপটপ প্রদান করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক "তারুণ্যের উৎসব ২০২৫" উপলক্ষে ২৬ ফেব্রুয়ারি আইসিটি উদ্ভাবনী ধারণা সংক্রান্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়। জেলা পর্যায়ে উদ্ভাবনী ধারণা প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে পীরগঞ্জ সরকারি কলেজ ও তৃতীয় স্থান অর্জন করে পীরগঞ্জ বণিক বালিকা সরকারি উচ্চ বিদ্যালয়। 'নারী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সের ১৩২ তম ক্লাশ সফলভাবে সম্পন্ন হয়েছে। উপজেলার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টালের আলফা নিউমেরিক পাসওয়ার্ড প্রতি মাসে পরিবর্তন করে নতুন পাসওয়ার্ড দেওয়ার বিষয়ে আলোকপাত করেন। এছাড়া পীরগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য বিভাগের ওয়েব পোর্টাল আরো হালনাগাদ করা প্রয়োজন বলে উল্লেখ করেন। অতি দ্রুত আইসিটি দপ্তরে যোগাযোগ করে ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়টি তুলে ধরা হয়। SET Centre (উপজেলা আইসিটি অফিস) এর নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভায় জানানো হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আইসিটি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার এবং ১৭ কমিটির সভা আয়োজনের বিষয়ে নির্দেশনা রয়েছে। ওয়েব পোর্টালে ১৭ কমিটির কার্যবিবরণী ব্যতীত অন্যান্য ডকুমেন্টস হালনাগাদ রয়েছে। তাই, ১৭ কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদকরণসহ বিধি মোতাবেক ও সিডিউল অনুযায়ী ১৭ টি স্থায়ী কমিটির সভা আয়োজন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) ইউডিএফ ২) সি.এ. উপজেলা পরিষদ কার্যালয়, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা সভায় জানান যে, মোট ৪৬৩ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৩/২০২৫

(মোঃ রকিবুল হাসান)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৫-১২(৫০)

তারিখ: ০৩ চৈত্র ১৪৩১ / ১৭ মার্চ ২০২৫

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।

৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।

৮। উপজেলা............................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

১০। জনাব,...................................................।

১৭/৩/২০২৫

(মোঃ রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

## সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৯ | উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৭ | উপঃ সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | সহকারি প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ২২ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা আইসিটি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ২৫ | তথ্যসেবা আপা | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

## সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | অনুপস্থিত |
| ২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | অনুপস্থিত |


(বি:দ্র: জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

পরিশিষ্ট - 'গ'

পীরগঞ্জ উপজেলা পরিষদের মার্চ ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভা

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## (২০২৫-২০২৬)



## উপজেলা পরিষদ

### পীরগঞ্জ, ঠাকুরগাঁও।